দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 JUL 2003
পৃষ্ঠা ... কলাম ... ৫

# ঢাকা ভার্সিটির ৯৪ কোটি ৭৭ লাখ টাকার বাজেট ঘোষণা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৩-২০০৪ অর্থ বছরের জন্য ৯৪ কোটি ৭৭ লাখ টাকার ঘাটতি বাজেট এবং ৯২ কোটি টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়েছে। ভিসি অধ্যাপক এস এম এ ফায়েজের সভাপতিত্বে বার্ষিক সিনেট অধিবেশনে বাজেট উপস্থাপন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান। বাজেটের ৬০ দশমিক ৯৬ শতাংশ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ, পেনশন বাবদ ১১ দশমিক ৬১ শতাংশ, শিক্ষা সহায়ক বাবদ ১২ দশমিক ৮৩ শতাংশ এবং সাধারণ কার্যক্রম ও বিবিধ বাবদ ১৪ দশমিক ৬০ শতাংশ। কোষাধ্যক্ষ তার বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় বৃদ্ধির জন্য জিমনেশিয়াম খেলার মাঠের দক্ষিণ-পূর্ব কোণে এবং বঙ্গবন্ধু হলের পেছনে বহুতল শপিং সেন্টার নির্মাণ, উদয়ন স্কুল ও কলেজ থেকে মাসে ২৫ হাজার টাকা ভাড়া আদায়, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বাসভবনে পানির মূল্য বৃদ্ধি এবং গাড়ী রাখার গ্যারেজ প্রতি ভাড়া বৃদ্ধির জন্য প্রস্তাব রাখেন।

### সিনেট অধিবেশন

বেলা ৩টায় সিনেট অধিবেশন শুরু হয়। অধিবেশনের শুরুতে জাতীয় অধ্যাপক নীলিমা ইব্রাহিম এবং সৈয়দ আলী আহসানসহ গত এক বছরে মৃত্যুবরণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের রুহের মাগফেরাত কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে ভিসি তার বক্তব্য রাখেন। প্রতিষ্ঠার শুরু থেকে এ বিশ্ববিদ্যালয় শুধু জ্ঞানচর্চার ক্ষেত্রেই বিশিষ্ট ভূমিকা রাখেনি, একটি জনগোষ্ঠীর জাতিসত্তার বিকাশ ও একে ঘিরে একটি স্বাধীন জাতি রাষ্ট্র নির্মাণ করার দুরূহ কাজটি ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পন্ন করেছে।

### ৩ জন সিন্ডিকেট সদস্য

সিনেট অধিবেশনে ৩ জনকে সিন্ডিকেট সদস্য হিসেবে এবং ট্রাইব্যুনাল গঠনের জন্য ৬ জন সদস্যকে নির্বাচিত করা হয়েছে। সিন্ডিকেট সদস্য তিনজন হলেন দৈনিক ইত্তেফাক ও নিউ নেশন সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন (সিনেট সদস্য বহির্ভূত বিশিষ্ট নাগরিক), সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী (রেজিস্টার্ড গ্রাজুয়েট সদস্য) এবং বিশিষ্ট শিক্ষাবিদ হিসেবে অধ্যাপক ওয়াকিল আহমেদ। ট্রাইব্যুনাল গঠনের জন্য ৬ জনের প্যানেল হলো অধ্যাপক আবদুল আজিজ, অধ্যক্ষ এম শরিফুল ইসলাম, এ্যাডভোকেট তৈমুর আলম খন্দকার, এ্যাডভোকেট জসীম উদ্দীন সরকার, ডাঃ মোসাদ্দেক হোসেন বিশ্বাস এবং এ্যাডভোকেট মাসুদ আহমেদ তালুকদার।